

website  
01/02/2024

নম্বর ০৫.০০.০০০০.২০২.২৫.০০৯.২৪.৩২

তারিখ: ১৬ মাঘ ১৪৩০

৩০ জানুয়ারি ২০২৪

বিজ্ঞপ্তি

বিষয়: কোরিয়ায় অনুষ্ঠিত “Invitation for Nomination: KOICA Scholarship Program 2024”-এ অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোরিয়া সরকারের অর্থায়নে KOICA Scholarship Program 2024 এর আওতায় বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে এবং মাঠপ্রশাসনে কর্মরত কর্মকর্তাগণের উচ্চশিক্ষার লক্ষ্যে ১৫টি Scholarship Program- এ অধ্যয়নের জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। প্রতিটি প্রোগ্রামের বিপরীতে ৪ জন কর্মকর্তা আবেদন করতে পারবেন। প্রার্থীর বয়স ৪০ বছর অথবা এর কম হতে হবে এবং প্রার্থীগণের Relevant field of study-তে কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

০২। এমতাবস্থায়, আগ্রহী কর্মকর্তাগণকে ( যারা ইতোপূর্বে KOICA Scholarship এর আওতায় কোন Program-এ অংশগ্রহণ করেননি ) উল্লিখিত প্রোগ্রামে অংশগ্রহণের জন্য তাঁদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা-২০২৩ ও Concept Note অনুসরণপূর্বক Application Form যথাযথভাবে পূরণ করে আবেদন ফরম, পাসপোর্ট ও প্রয়োজনীয় ডকুমেন্টস (সফটকপি) আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে bangladesh@koica.go.kr ঢাকাস্থ KOICA অফিসে প্রেরণ করার জন্য এবং ১১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে ১ সেট হার্ডকপি অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : ERD's Letter for Scholarship Program 2024 (1)

(36155/potrojariAttachmentRef/199122/0/8),

2024 KOICA Scholarship Application Guidelines (1) (36157/potrojariAttachmentRef/199122/0/8)।

৩০-১-২০২৪

মোঃ শিমুল আকতার

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৪৪২৬

ইমেইল: ft@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিব/সচিব (সকল)

২) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়

৩) অতিরিক্ত সচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৪) বিভাগীয় কমিশনার (সকল)

৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় ( জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
এফ এন্ড এফ শাখা  
শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।  
www.erd.gov.bd



জরুরি

স্মারক নম্বর: ০৯.০০.০০০০.১৮৮.২৫.০০৯.২৪.১৮

তারিখ: ১৪ মাঘ ১৪৩০

২৮ জানুয়ারি ২০২৪

বিষয়: কোরিয়ায় অনুষ্ঠেয় “Invitation for Nomination: KOICA Scholarship Program 2024” এ অধ্যয়নের জন্য কর্মকর্তা মনোনয়ন।

সূত্র: ঢাকাস্থ KOICA's Bangladesh Office এর পত্র, NO. KOICA 2024-026, Dated: January 22, 2024.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের বরাতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকারের মানব সম্পদ উন্নয়নে কোরিয়া সরকারের চলমান সহায়তার অংশ হিসেবে KOICA Scholarship Program 2024 এর আওতায় বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের কর্মকর্তাগণের উচ্চ শিক্ষার লক্ষ্যে ১৫ (পনের) টি Scholarship Program-এ অধ্যয়নের জন্য মনোনয়ন আহ্বান করা যাচ্ছে। প্রতিটি প্রোগ্রামের বিপরীতে ৪ (চার) জন কর্মকর্তা আবেদন করতে পারবেন। প্রার্থীর বয়স ৪০ বছর অথবা এর কম হতে হবে। একই সাথে প্রার্থীগণের Relevant filed of study-তে কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং যারা ইতোপূর্বে KOICA কর্তৃক প্রদত্ত কোন Scholarship Program-এ অংশগ্রহণ করেননি। উল্লেখ্য, বর্ণিত প্রোগ্রামসমূহে অংশগ্রহণকারী কর্মকর্তাগণের যাবতীয় ব্যয় কোরিয়া সরকার বহন করবে এবং এতে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ নেই।

০২। উল্লেখ্য, Concept Note এর Selection Criteria অনুসরণপূর্বক প্রার্থীগণকে Application Form যথাযথভাবে পূরণ করে আবেদনসহ প্রয়োজনীয় ডকুমেন্টস স্ক্যান করে সফটকপি (bangladesh@koica.go.kr) এ অবশ্যই আগামী ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখের মধ্যে ঢাকাস্থ KOICA's Bangladesh Office- এ প্রেরণ করতে হবে।

০৩। বর্ণিতাবস্থায়, মনোনীত কর্মকর্তাগণের নাম, পদবী, কর্মস্থল, ফোন নম্বর (ইংরেজিতে) ই-মেইল আইডি উল্লেখ পূর্বক প্রার্থীগণ কর্তৃক যথাযথ ভাবে পূরণকৃত আবেদন ফরম ও পাসপোর্টের ফটোকপিসহ প্রয়োজনীয় Documents সফটকপি ও হার্ডকপি (০১ সেট) আগামী ১১ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ